



স্মারক নং: হাবিপ্রবি/আইকিউএসি/ট্রেনিং-০৫/২০২৫/৮৩২

তারিখ: ২২/০১/২০২৫ খ্রি.

বরাবর

ডিন, সকল অনুষদ, হাবিপ্রবি, দিনাজপুর

চেয়ারম্যান, সকল বিভাগ, হাবিপ্রবি, দিনাজপুর

প্রফেসর, হাবিপ্রবি, দিনাজপুর

বিষয়: আইকিউএসি, হাবিপ্রবি কর্তৃক আয়োজিত 'Writing ATF Sub-Project Proposal' শীর্ষক ওয়ার্কশপে অংশগ্রহণ
প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (IQAC) এর ব্যবস্থাপনায় এ বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের সম্মানিত ডিন, সকল বিভাগের চেয়ারম্যান ও অধ্যাপকবৃন্দের জন্য 'Writing ATF Sub-Project Proposal' শীর্ষক ওয়ার্কশপ আগামী ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকা হতে এ বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়াম-২ এ অনুষ্ঠিত হবে। ওয়ার্কশপ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. এনামুল্লা উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম সিকদার ও মাননীয় ট্রেজারার প্রফেসর ড. এম. জাহাঙ্গীর কবির উপস্থিত থাকবেন। কী-নোট স্পিকার হিসেবে টেকনিক্যাল সেশন পরিচালনা করবেন HEAT প্রকল্পের সম্মানিত প্রজেক্ট ডিরেক্টর প্রফেসর ড. আসাদুজ্জামান। উক্ত ওয়ার্কশপ অনুষ্ঠানে আপনাকে যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি.

রেজিস্ট্রেশনের সময়: সকাল ১১.৩০ ঘটিকা

স্থান: অডিটোরিয়াম-২, হাবিপ্রবি

স্বাক্ষরিত/-

কৃষিবিদ প্রফেসর ড. সাইফুল হুদা

পরিচালক

আইকিউএসি

হাবিপ্রবি, দিনাজপুর


মোবাইল: ০১৭১৩-১৬৩৩১৮

স্মারক নং: হাবিপ্রবি/আইকিউএসি/ট্রেনিং-০৫/২০২৫/৮৩২ (০৮)

তারিখ: ২২/০১/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (হিসাব), হাবিপ্রবি, দিনাজপুর
- ২। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা শাখা (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের জন্য), হাবিপ্রবি, দিনাজপুর
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রকৌশল শাখা (উক্ত প্রশিক্ষণের নির্ধারিত সময়ে সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থাকরণের জন্য), হাবিপ্রবি, দিনাজপুর
- ৪। কো-অর্ডিনেটর, আইটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব ও IQAC ওয়েব এ প্রকাশের জন্য), হাবিপ্রবি, দিনাজপুর
- ৫। পিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর
- ৬। পিএ টু প্রো-ভিসি (মাননীয় প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর
- ৭। পিএ টু ট্রেজারার (মাননীয় ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর
- ৮। অফিস নথি


22.01.2025

কৃষিবিদ প্রফেসর ড. সাইফুল হুদা

পরিচালক

আইকিউএসি, হাবিপ্রবি, দিনাজপুর